গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা
জতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেভেল-১৪
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.dhaka.gov.bd

## নৈতিকতা কমিটি'র ১২-০২-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

Annual Performance Agreement (APA) এর আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা এর স্মারক নং: ২৬.০৩.১১০০.০০১.০০.০৪৩.২৩-৩৩৩৭ তারিখ: ০৯-১১-২০২৩ এর মাধ্যমে নিম্নোক্ত সদস্যের সমন্বয়ে গঠিত "নৈতিকতা কমিটি"র একটি সভা ১২-০২-২০২৪ তারিখে নিয়ন্ত্রক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়:

| | |
|---|---|
| (ক) নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | -আহবায়ক |
| (খ) উপ নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | -সদস্য |
| (গ) সহকারী নিয়ন্ত্রক-২, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | -সদস্য |
| (ঘ) নির্বাহী অফিসার-৪, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | -সদস্য |
| (ঙ) নির্বাহী অফিসার-৫, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। | -সদস্য সচিব |

২। সভায় কমিটি'র সদস্যবৃন্দের মধ্যে নিম্নোক্ত বিষয়াদি নিয়ে আলোচনা হয়:

ক) প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে মাসিক সমন্বয় সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়;

খ) অত্র দপ্তরের কর্মচারীদের সাথে সেবা গ্রহীতাদের কোন সংস্পর্শ না থাকার বিষয়ে আলোচনা করা হয়;

গ) অত্র দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের OLM এর মাধ্যমে সেবা প্রদানের ক্ষেত্রে গ্রাহক সেবা সহজীকরণে সিস্টেমের বিভিন্ন অংশের পরিবর্তন ও উন্নয়নের বিষয়ে আলোচনা করা হয়;

ঘ) অত্র দপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের কর্মদক্ষতা উন্নয়নসহ দাপ্তরিক সকল কার্যাদি সম্পাদনে পারদর্শী করার জন্য বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ/কর্মশালার কর্মসূচি তৈরি করা হয়েছে। উক্ত কর্মসূচি মোতাবেক প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়;

ঙ) নির্দিষ্ট সময় অন্তর পর্যায়ক্রমে শাখা পরিবর্তন ও নতুন শাখায় পদায়নের অংশ হিসেবে দপ্তরের কর্মকর্তা- কর্মচারীদের মধ্যে কর্মবন্টনে বিষয়ে সভায় আলোচনা করা হয়;

চ) হেল্পডেস্কে আগত সেবাগ্রহীতাদের শতভাগ স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সেবা প্রদানের জন্য এ দপ্তরের কর্মকর্তা- কর্মচারীদের হেল্প ডেস্কে দায়িত্ব পালনের নির্দেশনা দিয়ে ২৬.০৩.১১০০.০০১.০০.০০১.২৩-৩৩০০ তাং ৩০-১০-২০২৩ এর মাধ্যমে একটি পত্র জারি করা হয়। বর্তমানে উপনিয়ন্ত্রক এর সার্বিক তত্ত্বাধীনে হেল্প ডেস্কের দায়িত্ব পালনের কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং যথা সময়ে হেল্প ডেস্কে দায়িত্ব পালনের বিষয়ে সভায় আলোচনা হয়;

ঙ) এ দপ্তর হতে প্রদত্ত সকল সেবার ক্ষেত্রে কোনো রকম পেন্ডিং টাস্ক না রাখার বিষয়ে আলোচনা হয়।

৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিতসিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**নৈতিকতা কমিটি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২৩-২৪) বাস্তবায়নের লক্ষ্যে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা এর জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

ক. দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের OLM এর মাধ্যমে সেবা প্রদানের ক্ষেত্রে গ্রাহক সেবা সহজীকরণে সিস্টেমের বিভিন্ন অংশের কোনো প্রকার সমস্যা রয়েছে কিনা এ সংক্রান্ত একটি সাধারণ পত্র সকলকে প্রেরণ ও তাহার ফিডব্যাক গ্রহণের পর ওএলএম সিস্টেমের সমস্যা লিপিবদ্ধ করে তা সমাধানের উদ্যোগ অব্যাহত রাখা হবে।

খ. প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে মাসিক সমন্বয় সভা আয়োজন চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;

গ. অত্র দপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের কর্মদক্ষতা উন্নয়নসহ দাপ্তরিক সকল কার্যাদি সম্পাদনে পারদর্শী করার জন্য অনুমোদিত কর্মসূচি মোতাবেক প্রশিক্ষণ/ কর্মশালার আয়োজন চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;

ঘ. কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি, সেবা সহজীকরণ ও জনস্বার্থে নির্দিষ্ট সময় অন্তর পর্যায়ক্রমে শাখা পরিবর্তন ও নতুন শাখায় পদায়নের অংশ হিসেবে স্মারক ২৬.০৩.১১০০.০০১.১৪.০০১.১৮-৩১৩৭ তাং ১৭-০৯-২০২৩ করা হয়েছিল এবং ৩০-১০-২০২৩ তারিখের ও ২৬.০৩.১১০০.০০১.১৪.০০১.১৮-৩৩০০ সংখ্যক স্মারকের মাধ্যমে দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কর্মবন্টন করা হয়। এ ব্যাপারে ভবিষ্যতেও কর্মবন্টন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;

ঙ. অত্র দপ্তরের কর্মচারীদের সাথে সেবা গ্রহীতাদের কোন সংস্পর্শ না থাকার সিদ্ধান্ত গৃহীত হয়;

চ. হেল্পডেস্কে আগত সেবা গ্রহীতাদের শতভাগ স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সেবা প্রদানের জন্য এ দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের যথা সময়ে হেল্প ডেস্কে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্তমানে হেল্প ডেস্কে সেবা প্রদান গ্রহীতার আগমন অনেকাংশে হ্রাস পেয়েছে এবং সকল সেবা OLM এর মাধ্যমে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হয়।

ছ. এ দপ্তর হতে গত ১৭-০৯-২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক প্রদত্ত সকল সেবার ক্ষেত্রে কোনো রকম পেন্ডিং টাস্ক না রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছিল তা সকল কর্মকর্তা-কর্মচারীকে পরিপালন করার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হয়।

৪। আর কোন আলোচ্যসূচী না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭.০৩.২৪ | ১৭/০৩/২৪ | ১৭/০৩/২৪ | ১৭/০৩/২০২৪ | ১৭/০৩/২৪ |
| (সৌরভ হাসান)<br>নির্বাহী অফিসার-৫<br>আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা<br>ও<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি। | (নুসরাত জাহান)<br>নির্বাহী অফিসার-৪,<br>আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা<br>ও<br>সদস্য, নৈতিকতা কমিটি। | (মোঃ ওবায়দুল্লাহ)<br>উপনিয়ন্ত্রক<br>আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর,ঢাকা।<br>ও<br>সদস্য, নৈতিকতা কমিটি। | (মোঃ তারিকুল ইসলাম)<br>উপনিয়ন্ত্রক<br>আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা<br>ও<br>সদস্য, নৈতিকতা কমিটি। | (মোঃ মাসুদুল মান্নান)<br>নিয়ন্ত্রক<br>আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা<br>ও<br>আহবায়ক, নৈতিকতা কমিটি। |